

# জাতীয় বিশ্ববিদ্যালয় অটোপাস দাবিতে হামলার শিকার ভিসি

গাজীপুর প্রতিনিধি

২২ মে ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক **আমাদের ময়**



জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এএসএম আমানুল্লাহর ওপর হামলার ঘটনা ঘটেছে। গতকাল বুধবার দুপুর ১২টায় উপাচার্য ক্যাম্পাসের প্রশাসনিক ভবনের গেটে গাড়ি থেকে নামার সময় এ ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডন থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

জানা গেছে, উপাচার্য গাড়ি থেকে নামার সময় স্নাতক (পাস) ২০২২-এর পরীক্ষার্থীরা তাকে ঘিরে ধরে অটোপাসের দাবিতে সেগান দিতে থাকে। এ সময় তারা উপাচার্যকে হামলার চেষ্টা করে। এ ঘটনায়

তিনি আহত হয়েছেন।

প্রসঙ্গত, স্নাতক (পাস) কোর্সের ছাত্রছাত্রীরা অটোপাসের দাবিতে কয়েক মাস আগেও বহুবার জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্বজ্ঞান অবস্থার সৃষ্টি করেছিল, কিন্তু অটোপাস না দেওয়ার বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃঢ় অবস্থানের কারণে এ স্নাতক (পাস) কোর্সের পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং এতে ৬৯ শতাংশ পরীক্ষার্থী পাস করে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, করোনা মহামারী এবং অন্যান্য রাজনৈতিক অস্থিরতার কথা বিবেচনা করে এই ব্যাচের শিক্ষার্থীদের ইতোমধ্যেই গ্রেস মার্ক দিয়ে পাস করানো হয়েছে। এ ছাড়া এদের খাতা পুনঃমূল্যায়নের সুযোগও দেওয়া হয়েছে, যার ফল এ মাসেই বের হবে। কিন্তু বিভিন্ন মহলের উসকানির পরিপ্রেক্ষিতে এ ব্যাচের কিছুসংখ্যক অকৃতকার্য শিক্ষার্থী আবার অটোপাসের দাবি নিয়ে এসে বুধবার হঠাতে করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ওপর ন্যক্তারজনক হামলা চালায়।

আরও জানানো হয়েছে, এ পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুস্পষ্ট বক্তব্য হলো যে কোনো অবস্থাতেই কোনো ব্যাচের শিক্ষার্থীদের কোনো প্রকার অটোপাস জাতীয় বিশ্ববিদ্যালয় দেবে না। আজকের এই ন্যক্তারজনক হামলার ব্যাপারে হামলাকারীদের চিহ্নিত করে স্থানীয় গাছ থানায় মামলা দায়েরের উদ্যোগ গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।